

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষা রীতির মিশ্রণ দৃষ্ণীয়।।]  
১। (ক) 'অ' ধ্বনি উচ্চারণের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) নিচের যে কোনো পাঁচটি শব্দের উচ্চারণ লেখ:

বিবাহ, জ্ঞাতি, শ্রাবণ, অসীম, পর্যন্ত, স্বরাজ, পথ-বাসী, ব্যাকরণ।

(ক) বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসারে 'অ-তৎসম' শব্দের বানানের পাঁচটি নিয়ম উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) যে কোনো পাঁচটি শব্দের বানান শুদ্ধ করে লেখ:

উপরোক্ত, আর্শিবাদ, সাবলম্বন, কিংবদন্তী, শশুরবাড়ী, স্বরস্বতী, দুদম, প্রবাহমান।

৩। (ক) আবেগ শব্দের শ্রেণিবিভাগ উদাহরণসহ আলোচনা কর।

অথবা,

(খ) নিম্নের যে কোনো পাঁচটি শব্দের ব্যাকরণিক শব্দশ্রেণি নির্ণয় কর:

(i) বিপদ কখনো একা আসে না।

(ii) বাহ! আমাদের মেয়েরা দারুণ খেলেছে।

(iii) বুঝিয়াছিলাম মেয়েটির রূপ বড়ো আশ্চর্য।

(iv) আর আমি লজ্জায় জানালার বাহিরে মুখ বাড়াইয়া প্রকৃতির শোভা দেখিতে লাগিলাম।

(v) ও রকম বিনয়ের চেয়ে অহংকারের পৌরুষ অনেক অনেক ভালো।

(vi) অতএব আমাদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে।

(vii) ফুল কি ফোটে নি শাখে?

(viii) কিন্তু উত্তেজনায় উঠে বসলাম।

৪। (ক) উপসর্গ কাকে বলে? 'অনু' ও 'পরি' উপসর্গযোগে দুটি করে শব্দ গঠন কর।

অথবা,

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় কর (যে কোনো পাঁচটি)।

জন্মান্তর, দম্পতি, অপর্യാপ্ত, সপ্তর্ষি, পুষ্পাঞ্জলি, সবিনয়, ঊনপাঁজরে, ক্ষুরধারা।

৫। (ক) বাক্য কাকে বলে? একটি সার্থক বাক্যের কী কী গুণ থাকা আবশ্যিক? উদাহরণসহ লেখ।

অথবা,

(খ) নির্দেশ অনুসারে যে কোনো পাঁচটি বাক্যের বাক্যান্তর কর:

(i) মেয়ের বয়স যে পনেরো, তাই শুনিয়া আমার মন ভার হইল। (সরল)

(ii) তোমার সুখ কামনা করছি। (প্রার্থনাসূচক)

(iii) মানুষটা সমস্ত রাত খেতে পাবে না। (প্রশ্নবাচক)

(iv) শেষে তার বাবা মারা যায়। (জটিল)

(v) আমরা স্টেশনে পৌঁছে খবর পেলাম ট্রেন ছেড়ে চলে গেছে। (যৌগিক)

(vi) আমার নিবাস নাই। (জটিল)

(vii) আমি গ্রাহ্য করিলাম না। (অস্তিবাচক)

(viii) শমভূনাথ এ কথায় যোগ দেওয়া থেকে বিরত থাকলেন। (নেতিবাচক)

৬। (ক) যে কোনো পাঁচটি বাক্যের অপপ্রয়োগ শুদ্ধ করে লেখ

(i) ঐক্যতান রবীন্দ্রনাথ ঠাকুরের একটি কবিতা।

(ii) নিরোগী লোক আসলেই সুখী।

(iii) সূর্য উদয় হয়েছে।

(iv) আজ ঝড়বৃষ্টির সমূহ সম্ভাবনা আছে।

(v) পরিশ্রম করে তার শারিরিক অবস্থা শোচনীয়

- (vi) অনাবশ্যকীয় ব্যাপারে কৌতুহলী হওয়া অনুচিত।  
(vii) এ পরিবারটি আমাদের এলাকায় সমৃদ্ধশালী পরিবার।  
(viii) আকর্ষণ পর্যন্ত ভোজনে স্বাস্থ্যহানি ঘটে।

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটির অপপ্রয়োগগুলো শুদ্ধ করে লেখ:

নিজ ব্যক্তিত্বের বৈচিত্র্য দেখাতে সে সর্বদা সুসচেতন। মাঝে মাঝে সভা চলাকালীন সময়ে সে দাঁড়িয়ে পরে। কেউ তার সমালোচনা করলে অপমানবোধ করে। অনেকেই তাকে নিয়ে হাসি তামাসা করে। সে নিজের দৈন্যতা বুঝতে পারে না।

৭। (ক) যে কোনো দশটি শব্দের বাংলা পারিভাষিক রূপ লেখ:

Relationship, Fundamental, Appearance, Hostage, Consequence, Existentialism, Superintendent, Miscreant, Colony, Bankrupt, Lease, Decimal, Ethics, Myth, War-crime.

অথবা,

(খ) নিচের অনুচ্ছেদটি বাংলায় অনুবাদ কর:

We are social beings and have to consider to our behaviour on others. There are two terms to describe our social behaviour etiquette and manners. Etiquette means the rules of correct behaviour in society. The word manner means the behaviour to be polite in particular society or culture. Everybody should earn two terms in his character.

৮। (ক) তোমার কলেজে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদ্যাপনের উপর একটি দিনলিপি রচনা কর।

অথবা,

(খ) "যুব সমাজের নৈতিক অবক্ষয়" শিরোনামে একটি প্রতিবেদন রচনা কর।

৯। (ক) কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়ানোর অনুভূতি জানিয়ে তোমার প্রবাসী বন্ধুকে একটি বৈদ্যুতিন চিঠি লেখ।

অথবা,

(খ) কোনো মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে নিয়োগ লাভের উদ্দেশ্যে একটি আবেদনপত্র রচনা কর।

১০। (ক) সারাংশ লেখ:

মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম। হিন্দু-মুসলমানের মিলনের অন্তরায় বা ফাঁকি কোনখানে তা দেখিয়ে দিয়ে এর গলদ দূর করা আমার এ পথের অন্যতম উদ্দেশ্য। মানুষে মানুষে যেখানে প্রাণের মিল, আদত সত্যের মিল সেখানে ধর্মের বৈষম্য, কোনো হিংসার দুশমনির ভাব আনে না। যার নিজের ধর্মে বিশ্বাস আছে, যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।

অথবা,

(খ) ভাব-সম্প্রসারণ কর:

প্রয়োজনে যে মরিতে প্রস্তুত, বাঁচবার অধিকার তারই।

১১। (ক) কারিগরি শিক্ষার গুরুত্ব নিয়ে দুই বন্ধুর সংলাপ রচনা কর।

অথবা,

(খ) প্রদত্ত উদ্দীপক অনুসরণে একটি খুদে গল্প লেখ:

মঞ্চের দিকে পুরস্কার নিতে ধীর পায়ে এগিয়ে চলল সোহেলী। চারদিকে তুমুল করতালি। কিন্তু তার চোখে অশ্রু। সে.....

১২। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখ:

- (ক) বাংলাদেশের পর্যটন শিল্প : সমস্যা ও সম্ভাবনা  
(খ) সাম্প্রতিক যুদ্ধ এবং এর প্রভাব  
(গ) সাম্প্রদায়িক সম্প্রীতি ও বাংলাদেশ  
(ঘ) মুক্তিযুদ্ধের চেতনা  
(ঙ) স্মার্ট বাংলাদেশ।